# অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন): আমার সন্তানের বেড়ে ওঠা এবং বিকাশ পরিমাপ

আমাদের ছেলেমেয়েদের আমরা কীভাবে যত্ন নেই এবং শিক্ষাদান করি তা COVID-19 মহামারী ব্যাপকভাবে পরিবর্তন করে দিয়েছে। আমরা যখন এই শিক্ষা বছরে এগিয়ে যাচ্ছি, আপনি সম্ভবত আপনার সন্তানকে তার সামাজিক-মানসিক এবং শিক্ষায়তনিক চাহিদায় সহায়তা করছেন। আপনার সন্তানের উন্নয়ন সম্পর্কে আরো জানতে আপনার সন্তানের শিক্ষাদানকারী দলের সাথে অংশীদারিত্ব করতে অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) নামে একটি টুল ব্যবহার করতে পারেন।

## অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) কী?



অথেন্টিক অ্যাসেস্‌মেন্ট (যথার্থ মূল্যায়ন) এমন একটি টুল যা শিক্ষা প্রদানকারী দল প্রতিদিন ব্যবহার করে, এটা তাদেরকে যা বুঝতে সাহায্য করে:

- শিশুরা কী জানে এবং করতে পারে।
- শিশুরা কীভাবে বেড়ে উঠছে।
- শিশুদের বিকাশে সহায়তা করতে তারা কী করতে পারে।

## অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) কীভাবে কাজ করে?

বাড়িতে আপনি প্রতিদিন বিভিন্ন বিষয় মূল্যায়ন করেন। আপনার সন্তান ঘুম থেকে উঠার পর সে সুস্থ কি না তা যাচাই করুন। সে বন্ধুদের সাথে কীভাবে মেলামেশা করছে তা পর্যবেক্ষণ করুন এবং সে কেমন বোধ করছে তা জিজ্ঞাসা করুন। সে কোন্‌ বিষয়গুলোতে আগ্রহী আপনি সেগুলো লক্ষ্য করুন। এই পর্যবেক্ষণগুলো আপনার সন্তানকে বুঝতে এবং তার বেড়ে উঠায় তাকে কীভাবে সাহায্য করতে হবে সেবিষয়ে সহায়তা করবে।আপনার সন্তানের শিক্ষাদানকারী দল অথেন্টিক অ্যাসেস্‌মেন্ট (যথার্থ মূল্যায়ন) প্রায় একই ভাবে ব্যবহার করে। যখন শিক্ষা প্রদানকারী দল শিশুর অন্বেষণে সহযোগিতা দেয়, তারা পর্যবেক্ষণ করেন, প্রশ্ন করেন, এবং তাদের সারা দিনব্যাপী শেখার স্থিরচিত্র ধারণের জন্য ছবি (ফটোগ্রাফ) তোলেন।

## অথেন্টিক অ্যাসেস্‌মেন্টের (যথার্থ মূল্যায়ন) তথ্য কীভাবে ব্যবহৃত হয়?

ছেলেমেয়েদের চিন্তা, অগ্রগতি এবং শেখা সম্পর্কে অবগত হওয়ার জন্য অথেন্টিক অ্যাসেস্‌মেন্ট (যথার্থ মূল্যায়ন) ব্যবহার করা হয়। এটা পরিবার, শিক্ষক এবং প্রোগ্রামগুলোকে ভিন্নভাবে সাহায্য করে।

*আপনি* অথেন্টিক অ্যাসেস্‌মেন্ট (যথার্থ মূল্যায়ন) উল্লিখিতগুলোতে ব্যবহার করতে পারেন:

- আপনার সন্তান সবচেয়ে ভাল কীভাবে শিখবে, তা বুঝতে।
- আপনার সন্তানের শেখায় কীভাবে সবচেয়ে ভালভাবে তাকে সহায়তা করতে হবে, তা বুঝতে।
- আপনার সন্তানের শিক্ষণ দলের সাথে আপনার সন্তানের তথ্য শেয়ার করুন।

*শিক্ষা প্রদানকারী দল* অথেন্টিক অ্যাসেস্‌মেন্ট (যথার্থ মূল্যায়ন) ব্যবহার করতে পারে যেসব বিষয়ে:

- আপনার সন্তানের সক্ষমতা বুঝবে এবং তার অব্যাহত বেড়ে ওঠায় কীভাবে সহায়তা করবে সে সিদ্ধান্ত নেবে।
- আপনার সন্তানের দক্ষতা এবং পছন্দের উপর ভিত্তি করে প্রাত্যহিক কর্মকান্ড পরিকল্পনা ও পরামর্শ দেবে।
- সারা বছর জুড়ে পরিবার ও সেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ বজায় রাখবে।

*প্রোগ্রামগুলো* অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) উল্লিখিতে ব্যবহার করতে পারে:

- শিক্ষার্থীর শেখার প্রয়োজনে সহায়তাকারী উপকরণ সরবরাহের জন্য অনুরোধ করা।
- সকল শিক্ষার্থীর শেখার প্রয়োজন মেটাতে সাহায্যকারী রিসোর্স চিহ্নিত করুন।

## আমার সন্তানকে কোন্ কোন্ ক্ষেত্রে মূল্যায়ন করা হবে।



**অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) টুলগুলো আর্লি লার্নিংয়ের (আশু শিক্ষা) পাঁচটি ক্ষেত্র মূল্যায়ন করে:**

*শেখার পন্থাসমূহ* - শিশুরা শিক্ষণ অভিজ্ঞতায় কীভাবে সম্পৃক্ত হয়। **এটা গুরুত্বপূর্ণ কারণ শিশুরা যেভাবে শেখায় সম্পৃক্ত হয় তা তাদের সকল ক্ষেত্রগুলোতে বিকাশ প্রভাবিত করে।**

*সামাজিক এবং মানসিক বিকাশ* - আবেগ চেনা এবং নিয়ন্ত্রণ করার পাশাপাশি শিশুরা কীভাবে সম্পর্ক গড়ে তোলে। **এগুলো হচ্ছে ক্রমবিকাশ এবং শেখায় জীবনভর ব্যবহৃত প্রয়োজনীয় দক্ষতাসমূহ।**

*ভাষা, স্বাক্ষরতা এবং যোগাযোগ* - শিশুরা কীভাবে শোনে, বোঝে, এবং ভাষা ব্যবহার করে এবং যোগাযোগ করার জন্য অন্যান্য গড়ে উঠার সক্ষমতা ব্যবহার করে ।

*চেতনা* - ম্যাথ (গণিত), আর্ট, সায়েন্স (বিজ্ঞান), এবং সোশ্যাল স্টাডিজ (সমাজ বিজ্ঞান) সহ পারিপার্শ্বিক পৃথিবী সম্পর্কে বুঝতে এবং সাজাতে শিশুরা যে দক্ষতা এবং ধারণা ব্যবহার করে।

*শারীরিক বিকাশ এবং স্বাস্থ্য* - শিশুরা নাড়াচাড়া এবং তাদের পারিপার্শ্বিক পরিবেশে নিজেদের নিরাপদ রাখার যে দক্ষতা এবং সামর্থ্য উন্নয়ন করে।

প্রতিটি শিশুর বেড়ে উঠার জন্য স্বতন্ত্র সহায়তা দিতে শিক্ষা প্রদানকারী দল এবং সেবাদানকারীদের এই ক্ষেত্রগুলো পর্যবেক্ষণ করা গুরুত্বপূর্ণ। এই ক্ষেত্রগুলো আপনার সন্তানের বয়স এবং প্রোগ্রাম যে টুল ব্যবহার করে তার উপর ভিত্তি করে কিছুটা ভিন্ন হতে পারে।

## অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন)-এ আপনি কীভাবে আপনার সন্তানের শিক্ষা প্রদানকারী দলের সাথে অংশীদারিত্ব করতে পারেন?

আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালভাবে চেনেন! আপনার সন্তানের শিক্ষা প্রদানকারী দলের সাথে প্রায়শই আলাপ করুন। একযোগে কাজ করলে আপনার সন্তানের সবচেয়ে বেশী শেখা এবং বিকাশে সে যেন প্রয়োজনীয় সহযোগিতা পায় তা নিশ্চিত করতে সাহায্য করবে।

- আপনার সন্তানের পছন্দ এবং দক্ষতা বিষয়ক তথ্য তার শিক্ষা প্রদানকারী দলের সাথে শেয়ার করুন।
- আপনি চাইলে, বাড়িতে থাকাকালীন সময়, আপনার সন্তানের খেলার সময়ের ছবি, অথবা আপনার সন্তান যেসব ছবি এঁকেছে সেগুলোর ছবি শেয়ার করতে পারেন।
- সন্তানের বিকাশ নিয়ে শিক্ষকের সাথে আলোচনা করুন।
- আপনার সন্তানের শিক্ষককের কাছে অথেনটিক অ্যাসেসমেন্ট (যথার্থ মূল্যায়ন) নিয়ে প্রশ্ন করুন এবং তাদের ধারণাসমূহ খোলা মনে গ্রহণ করুন।
- নিচের প্রতিফলনমূলক প্রশ্নাবলী বিবেচনা করুন:
  - আমি প্রতিদিনের কর্মকাণ্ডে আমাদের সন্তানের শেখা কীভাবে লক্ষ্য করছি?
  - আমার সন্তানের শিক্ষায় সহায়তা করতে আমার সন্তানের শিক্ষা প্রদানকারী দলের সাথে আমি কীভাবে তথ্য শেয়ার করতে পারি?

পুরো শিক্ষা বছর জুড়ে আপনার সন্তানের বেড়ে উঠায় আমরা আপনার সাথে অংশীদারিত্ব করার প্রত্যাশায় আছি!

এটি আপনাদের মাঝে উপস্থাপন করেছে দ্যা ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন
ইমেইল: earlychildhood@schools.nyc.gov